৬।

দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 7. 1999 ...
পৃষ্ঠা ১ কলাম ৩ ......

# শিক্ষা অধিদপ্তর ঃ সমন্বয় পরিষদের দাবি

( নিজস্ব বার্তা পরিবেশক )

শিক্ষা অধিদপ্তরের ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট ডিগ্রি ইঞ্জিনিয়ার, ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ও কর্মচারী সমন্বয় পরিষদ সাধারণ শিক্ষা প্রকল্পে কর্মরত ৪২২ জন প্রকৌশলী, কর্মকর্তা ও কর্মচারীর চাকরি রাজস্ব খাতে স্থানান্তরের দাবি পুনর্ব্যক্ত করেছে।

গতকাল বুধবার বিকেলে শিক্ষা ভবনে আহূত এক সাংবাদিক সম্মেলনে সমন্বয় পরিষদ নেতারা এই দাবি পুনর্ব্যক্ত করেন। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন সমন্বয় পরিষদের আহ্বায়ক শাহীন আহমদ ও সদস্য সচিব শামসুর রহমান।

সমন্বয় পরিষদ নেতারা বলেন, ভুক্তভোগী ৪২২ জন কর্মকর্তা-কর্মচারী দীর্ঘ ১৮ মাস ধরে বেতন-ভাতা না পেয়ে পরিবারপরিজন নিয়ে মানবেতর জীবনযাপন করছেন। তারা আসন্ন ঈদের আগেই বেতন-ভাতাদি প্রদানের দাবি করে বলেন, কর্মচারীরা এখন দাবি সপ্তাহ পালন করছে, দাবি মানা না হলে ঈদের পর বৃহত্তর আন্দোলনের কর্মসূচি নেয়া হবে।